**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মোহনপুরের রাজ্যভিত্তিক গণ বৃক্ষরোপণ অভিযানের সূচনা করেন ।**

**(২) শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, রাজ্যের যুবক-যুবতীদের আর্থিকভাবে স্বনির্ভর করার লক্ষ্যে শিল্প ও বাণিজ্য দপ্তর বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছে ।**

**(৩) এবছরের NEET-PG প্রবেশিকা পরীক্ষা আগামী মাসের ১১ তারিখে দুটি শিফটে অনুষ্ঠিত হবে।**

**(৪) রাজ্যভিত্তিক অনূর্ধ্ব-১৫ বছরের সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতার ফাইনালে উঠেছে পশ্চিম জেলার খুমপুই একাডেমি ও দক্ষিণ জেলার এবেনজার স্কুল।**

***************************************************

**CM-Mass Plantation :**

রাজ্যে আজ একই সঙ্গে ৫ মিনিটে ৫ লক্ষ গাছের চারা রোপণ করা হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সকালে মোহনপুরের তারানগরে রাজ্যভিত্তিক গণ বৃক্ষরোপণ অভিযানের সূচনা করেন। অনুষ্ঠানে তিনি বলেন, বন যারা ধ্বংসকারীদের

চিহ্নিত করে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, আমাদের পরিবেশগত ভারসাম্য রক্ষা করা প্রয়োজন। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে বনসৃজনে ত্রিপুরা ভাল অবস্থানে রয়েছে। বনকে আরও ভালোভাবে রক্ষা করতে হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ছাড়াও কৃষিমন্ত্রী রতনলাল নাথ ও বনমন্ত্রী অনিমেষ দেববর্মা জাতীয় সড়কের পাশে বৃক্ষ রোপণ করেন।

অনুষ্ঠানে স্বাগত ভাষন দেন প্রধান মুখ্য বন সংরক্ষক আর কে শ্যামল। অনুষ্ঠান শেষে উপস্থিত নাগরিকদের মধ্যে বন দপ্তরের পক্ষ থেকে ব্যাপক সংখ্যক ফুল, ফল ও গাছের চারা বিনামূল্যে বিতরণ করা হয়।

******************************

**Press Meet-Industry Minister :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, শিল্পের প্রসারের মাধ্যমে রাজ্যের যুবক-যুবতীদের আর্থিকভাবে স্বনির্ভর করার লক্ষ্যে শিল্প ও বাণিজ্য দপ্তর বহুমুখী কর্মসূচি গ্রহণ করেছে। তিনি আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, বহিরাজ্যের বিনিয়োগকারীদের রাজ্যে শিল্প স্থাপনে উৎসাহিত করতে রাজ্যের মুখ্যমন্ত্রীকে চেয়ারম্যান করে 'ইনভেস্টমেন্ট প্রমোশন এজেন্সি অব ত্রিপুরা' নামে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির মাধ্যমে দেশ-বিদেশের ইচ্ছুক বিনিয়োগকারীদের রাজ্যে শিল্প স্থাপনের সুযোগ সহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

তিনি জানান, রাজ্যের উৎপাদিত পণ্য বাজারজাতকরণ করার লক্ষ্যে বাধারঘাটে একটি প্রধানমন্ত্রী একতা মল (ইউনিটি মল) স্থাপন করার

উদ্যোগ নিয়েছে দপ্তর। প্রায় ১৫০ কোটি টাকা ব্যয়ে ২৪ হাজার ১২২ বর্গমিটার এলাকা নিয়ে এই একতা মলটি স্থাপন করা হবে।

মন্ত্রী জানান, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা পোর্টালে এখন পর্যন্ত রাজ্যের ৪৯ হাজার ৯৫১ জন শিল্পী/কারিগর নাম নথিভুক্ত করেছেন। রাজ্যের বেকার যুবক-যুবতীদের আর্থিকভাবে স্বনির্ভর করার লক্ষ্যে দপ্তরের মাধ্যমে প্রধানমন্ত্রী এমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ও স্বাবলম্বন প্রকল্পে ঋণ প্রদান করা হচ্ছে। তিনি আরো জানান, গত অর্থবছরে বাংলাদেশের সঙ্গে ত্রিপুরার মোট ৭১৫ কোটি ৯৮ লক্ষ টাকার বাণিজ্য হয়েছে। এরমধ্যে রপ্তানির পরিমান ১২ কোটি ৩১ লক্ষ টাকা এবং আমদানির পরিমান ৭০৩ কোটি ৬৭ লক্ষ টাকা।

**************************

**Sumpunata Abhijan :**

সম্পূর্ণতা অভিযানের আওতায় উত্তর জেলায় কাঞ্চনপুর মহকুমার দশদা আর ডি ব্লক এবং পানিসাগর মহকুমার দামছড়া আর ডি ব্লকে আজ থেকে সেপ্টেম্বর মাসের ত্রিশ তারিখ পর্যন্ত বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজের প্রকল্প ও অভিযান চলবে। আজ দশদা এবং দামছড়া আর ডি ব্লক কার্যালয় প্রাঙ্গণে নীতি আয়োগের অধীন সম্পূর্ণতা অভিযান উৎসব, সম্পূর্ণতা অভিযান সভা, সম্পূর্ণতা অভিযান যাত্রা এবং সম্পূর্ণতা অভিযান মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। দামছড়ায় অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন দামছড়া সমষ্টি উন্নয়ন আধিকারিক অনুপম চাকমা। উপস্থিত ছিলেন নীতি আয়োগ থেকে আগত বিশেষজ্ঞ এবং অধিকর্তা ডক্টর অমৃত পাল কাউর, উত্তর জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, পানিসাগর বিধায়ক বিনয় ভূষণ দাস, সুভাষ বাগারিয়া সহ অঙ্গনওয়াড়ি কর্মী, আশা কর্মী, বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা।

তথ্যচিত্রের মাধ্যমে নীতি আয়োগের সমস্ত উন্নয়নমূলক বিষয়বস্তু সবার সামনে তুলে ধরা হয়। অনুষ্ঠানে আটটি স্ব সহায়ক দলকে চেকের মাধ্যমে প্রায় ৩০ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়, তাছাড়া উন্নয়নমূলক প্রকল্পে চালকদের হাতে ড্রাইভিং লাইসেন্স তুলে দেন অতিথিবৃন্দ।

******************************

**Agri Minister Offer Distribution :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন রাজ্যে আরও তিনটি কৃষি মহকুমা হবে। এগুলো হবে চড়িলাম, মুঙ্গিয়াকামী ও পেচারথল ব্লকে। বর্তমানে রাজ্যে ৪৭টি কৃষি মহকুমা রয়েছে, তা বেড়ে হবে পঞ্চাশটি। কৃষিমন্ত্রী বলেন, রাজ্য সরকারের লক্ষ্য রাজ্যের ৫৮টি ব্লকের প্রতিটিতে কৃষি মহকুমা গড়ে তোলা। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে ৫৯ জন কৃষি আধিকারিকের নিয়োগপত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। ৩৩ শতাংশ মহিলা সংরক্ষণ নীতি অনুসরন করে ৫৯ জনের মধ্যে ২১ জন মহিলা প্রার্থীকে নিয়োগপত্র দেওয়া হয়েছে।

কৃষিমন্ত্রী নতুন অফার প্রাপ্তদের কৃষকদের সহায়তায় এবং আত্ম নির্ভর ত্রিপুরা গড়ার কাজে আন্তরিকভাবে কাজ করার পরামর্শ দেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কৃষি সচিব অপূর্ব রায়, কৃষি অধিকর্তা শরদিন্দু দাস।

******************************

**New Criminal Law :**

নতুন তিন ফৌজদারি আইন সম্পর্কে সাধারন নাগরিকদের সচেতন করতে গতকাল সাব্রুমের দশরথ নগর এডিসি ভিলেজে

সভায় আয়োজন করা হয়। সাব্রুম মহকুমা আইনসেবা কমিটি আয়োজিত এই সভায় নতুন তিন ফৌজদারি আইন ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম নিয়ে বিস্তারিত আলোচনা করেন আইনজীবি মনিদীপ্ত সরকার। সচেতনতামূলক এই সভায় এলাকার জনজাতি অংশের মহিলাদের উপস্থিতি ছিল উল্লেখযোগ্য।

*****************************

**Panchayet Election :**

রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ আগামী সপ্তাহে ঘোষণা করা হবে। রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ আকাশবাণীকে এসংবাদ জানান। নির্বাচনের প্রস্তুতির লক্ষ্যে রাজ্য নির্বাচন কমিশনার আজ সমস্ত রিটার্নিং অফিসারদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেন।

*************************

**NEET-PG :**

এবছরের NEET-PG প্রবেশিকা পরীক্ষা আগামী মাসের ১১ তারিখে দুটি শিফটে অনুষ্ঠিত হবে। চিকিৎসা বিজ্ঞানের জাতীয় পরীক্ষা পর্ষদ আজ পরীক্ষার সংশোধিত সময়সূচি প্রকাশ করেছে। উল্লেখ্য, গতমাসে পরীক্ষার নির্ধারিত তারিখের একদিন আগে এই পরীক্ষা স্থগিত করা হয়েছিল।

*******************************

**PM, Russia :**

পররাষ্ট্র সচিব বিনয় মোহন কোয়াত্রা বলেছেন, ২২তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে মূল আলোচনার বিষয় হিসেবে প্রতিরক্ষা, বাণিজ্য সংযোগ, বিনিয়োগ সম্পর্ক, শক্তি সহযোগিতা, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, সংস্কৃতি এবং জনগণের মধ্যে সংযোগের উপর আলোকপাত করা হবে।

এই মাসের ৮ থেকে ১০ তারিখ পর্যন্ত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আসন্ন রাশিয়া এবং অস্ট্রিয়া সফরের বিষয়ে শ্রী কোয়াত্রা বলেন, প্রধানমন্ত্রী  শ্রী মোদি এবং রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন দুই দেশের মধ্যে বহুমুখী সম্পর্কের বিষয়ে সামগ্রিক পর্যালোচনা করবেন। তিনি বলেন, তাঁরা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট সমসাময়িক আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়ে মতবিনিময় করবেন।

পররাষ্ট্র সচিব বলেন, প্রধানমন্ত্রী মস্কো সফরকালে ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে মতবিনিময় করবেন।

পররাষ্ট্র সচিব বলেন, প্রধানমন্ত্রী এই মাসের ৯ এবং ১০ তারিখে অস্ট্রিয়া সফর করবেন এবং এটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রথম অস্ট্রিয়া সফর। তিনি বলেন, শ্রী মোদি অস্ট্রিয়ার রাষ্ট্রপতি আলেকজান্ডার ভ্যান ডার বেলেনের সঙ্গে সাক্ষাৎ করবেন এবং অস্ট্রিয়ার চ্যান্সেলর কার্ল নেহামারের সঙ্গে আলোচনা করবেন।

***************************

**Amarnath Yatra :**

কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে বার্ষিক অমরনাথ যাত্রা সুষ্ঠু ও নির্বিঘ্নেই চলছে। আজ অমরনাথ যাত্রার সপ্তম দিনেও বহু পুণ্যার্থী পবিত্র গুহা দর্শন করেছেন। পুণ্যার্থীদের আরও একটি দল

অমরনাথের উদ্দেশ্যে রওনা হয়েছে। চলতি বছর অমরনাথ যাত্রা শুরু হয়েছে ২৯ জুন থেকে, চলবে আগামী ১৯ আগস্ট পর্যন্ত।

*****************************

**Horticulture :**

উদ্যানবিদ্যা ও ভূমি সংরক্ষণ দপ্তরের উদ্যোগে আজ কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে কৃষক সচেতনতামূলক অভিযান কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন, জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি শুভ্রেন্দু দাস, উদ্যানচর্চা দপ্তরের যুগ্ম অধিকর্তা শান্তনু দেববর্মা, উপ-অধিকর্তা বিদ্যামোহন চাকমা প্রমুখ। বক্তারা জমি পতিত না রেখে  লাভজনক ওয়েল পাম চাষে এগিয়ে আসতে কৃষকদের প্রতি আহ্বান জানান। উল্লেখ্য যে, ঊনকোটি জেলাতে বর্তমান 55 দশমিক পাঁচ ছয় হেক্টর জমিতে ওয়েল পাম চাষ হচ্ছে।

***************************

**Rajib Bhattacharjee :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে এক পের মা কে নাম কর্মসূচির অঙ্গ হিসেবে আজ বিজেপি প্রদেশ মহিলা মোর্চার উদ্যোগে লিচু বাগান স্থিত ভগৎ সিং হিন্দি ইংরেজী মাধ্যম বিদ্যালয় এবং দিল্লী পাবলিক স্কুলে বৃক্ষরোপন কর্মূসূচির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, প্রদেশ মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার, প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস প্রমুখ।

*************************

**Police Reshuffle :**

রাজ্য পুলিশের আজ আরো চারজন পুলিশ আধিকারিক কে রদবদল করা হয়। এদের মধ্যে এআইজি-আইনশৃঙ্খলা জ্যোতিষ্মান দাস চৌধুরী কে বদলি করা হয়েছে টিএসআর পঞ্চম ব্যাটেলিয়ানের কম্যান্ডেন্ট পদে। পঞ্চম ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট অনন্ত দাস কে এ আই জি-আইনশৃঙ্খলা পদে বদলি করা হয়েছে। তাছাড়া জিআরপি র এস পি অমিতাভ পাল কে বদলি করা হয়েছে এসপি সিকিউরিটি পদে। অপরদিকে সিকিউরিটির এসপি কিশোর দেববর্মাকে বদলি করা হয়েছে এসপি জিআরপি পদে।

**********************************

**Panchayet Election-BJP :**

আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন নিয়ে আগরতলার ভগৎ সিং যুব আবাসে বিজেপি'র এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে প্রদেশ বিজেপি নেতৃত্ব, সমস্ত জেলা সভাপতি ও মন্ডল সভাপতিগণ উপস্থিত ছিলেন।

**************************

**Tree plantation-Belonia :**

প্রিয়রঞ্জন দত্ত স্মৃতিরক্ষা পরিষদের উদ্যোগে আজ বিলোনীয়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে বৃক্ষরোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক দীপঙ্কর সেন, প্রিয়রঞ্জন দত্ত স্মৃতিরক্ষা পরিষদের আহ্বায়ক বিক্রম দত্ত, স্কুলের প্রধান শিক্ষিকা মৌসুমী ঘোষ প্রমুখ।

***************************

**TSR,Safai :**

টিএসআর নবম বাহিনীর জওয়ানরা আজ সুবেদার অম্বিকা যাদবের নেতৃত্বে সাব্রুমের কলাছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে সাফাই অভিযান করেন। কলাছড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডা: শৈলেন্দ্র ত্রিপুরা টিএসআর জওয়ানদের এই কাজের প্রশংসা করেন।

*******************************

**Panchayet Election-Left Fromt :**

রাজ্য বামফ্রন্ট কমিটির আহ্বায়ক নারায়ণ কর ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে সর্বদলীয় বৈঠকে আরএসপি, ফরওয়ার্ড ব্লক, সিপিআই এবং সিপিআই(এম এল) দলের প্রতিনিধিদের আমন্ত্রণ জানাতে রাজ্য নির্বাচন কমিশনের কাছে অনুরোধ জানিয়েছে। রাজ্য নির্বাচন কমিশনের কাছে লেখা চিঠিতে ব্লক এবং জেলা পর্যায়ের সর্বদলীয় বৈঠকগুলিতেও যাতে এই দলগুলিকে ডাকা হয় তার জন্য সমস্ত রিটার্নিং অফিসারদের নির্দেশ দিতে শ্রী কর নির্বাচন কমিশনারকে অনুরোধ করেন।

***************************

**SM Cup Football :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব-১৫ বছরের সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতার ফাইনালে পশ্চিম জেলার খুমপুই একাডেমি খেলবে দক্ষিণ জেলার এবেনজার স্কুলের বিরুদ্ধে। আগামীকাল সকালে উমাকান্ত মিনি স্টেডিয়ামে দুই জেলার দল মুখোমুখি হবে। আজ বিকেলে একই মাঠে প্রথম সেমিফাইনালে পশ্চিম জেলার খুমপুই

একাডেমি ৩-০ গোলে গোমতি জেলার তৈদুবাড়ি স্কুলকে এবং দ্বিতীয় সেমিফাইনালে দক্ষিণ জেলার এবেনজার স্কুল ৪-০ গোলে ধলাই জেলার হোকু তুইসা ইংলিশ মিডিয়াম স্কুলকে পরাজিত করে।

***********************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ বত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস।

***************************